



জুলাই চেতনার ধান্দাবাজি দেশকে সংকটে ফেলেছে: নুর



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর বলেছেন, জুলাই চেতনার নামে এক বছরের মধ্যে দেশকে ধান্দাবাজি ও চাঁদাবাজির জালে ফেলা হয়েছে। তিনি এ বিষয়ে একটি গণতন্ত্র কমিশন গঠনের দাবি জানিয়েছেন।

রোববার (১৯ অক্টোবর) নিজের ফেসবুক পেজে নুরুল হক নুর লিখেছেন, “জুলাই চেতনার নামে এক বছরে ভাগ-বাঁটোয়ারা এবং ধান্দাবাজি-চাঁদাবাজি দেশটিকে নতুন সংকটে ঠেলে দিয়েছে। জানি না, এ থেকে সহজ কোনো উত্তরণের পথ আছে কি না। রাষ্ট্র পুনর্গঠনের এত বড় সুযোগ পেয়েও তা কাজে লাগানো সম্ভব হয়নি।”

তিনি আরও উল্লেখ করেছেন, “এই তথাকথিত ভণ্ড চেতনাবাজি ও নব্য লুটেরাদের বিরুদ্ধে একটি ‘গণতন্ত্র কমিশন’ গঠিত হওয়া উচিত। তাদেরও বিচারের কাঠগড়ায় দাঁড় করানো প্রয়োজন।”

LENS ASIA